



বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
মেলান্দহ, জামালপুর

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

তারিখ: ০৪/১১/২০২১

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ৬টি বিভাগ (গণিত, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, ফিশারিজ, ম্যানেজমেন্ট এবং সমাজকর্ম)-এর প্রত্যেকটিতে ৩০টি আসনে ভর্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। শুধুমাত্র GST ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরাই আবেদন করতে পারবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://bsfmstu.ac.bd/admission>-এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে ১৪/১১/২০২১ তারিখ (দুপুর ২:০০টা) হতে ৩০/১১/২০২১ তারিখ (রাত ১১:৫৯টা) অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে। সার্ভিস চার্জসহ আবেদন ফি ৬৫০ টাকা ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং (Rocket)-এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

**আবেদনের যোগ্যতা**

২০২০-২০২১ শিক্ষাবর্ষে GST অন্তর্ভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের জন্য তিনটি ইউনিট (A, B, C)-এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থীরা যথাক্রমে A, B ও C ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে। GST ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীরা নির্ধারিত শর্ত(সমূহ) পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট বিভাগে ভর্তির জন্য আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী একটিমাত্র আবেদনের মাধ্যমে তার জন্য নির্ধারিত (শর্ত পূরণ সাপেক্ষে) সকল বিভাগের পছন্দক্রম প্রদান করতে পারবে। প্রতিটি বিভাগে আবেদনের শর্তসমূহ এবং আসন সংখ্যা নিম্নে প্রদত্ত।

বিভাগ	ভর্তির জন্য আবেদনের শর্তসমূহ	আসন সংখ্যা
গণিত	GST-এর A ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণসহ এইচএসসি/সমমান পরীক্ষায় গণিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।	৩০ (GST-এর A ইউনিটের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত)
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	GST-এর A ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণসহ এইচএসসি/সমমান পরীক্ষায় গণিত ও পদার্থবিদ্যার প্রত্যেকটিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।	৩০+৩০=৬০ (GST-এর A ইউনিটের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত)
ফিশারিজ	GST-এর A ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণসহ এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিদ্যায় কমপক্ষে B গ্রেড থাকতে হবে।	৩০ (GST-এর A ইউনিটের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত)
ম্যানেজমেন্ট	GST-এর A, B অথবা C ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীরা আবেদন করতে পারবে।	GST-এর A ইউনিট = ০৭ GST-এর B ইউনিট = ০৩ GST-এর C ইউনিট = ২০ মোট = ৩০
সমাজকর্ম	GST-এর A, B অথবা C ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীরা আবেদন করতে পারবে।	GST-এর A ইউনিট = ০৭ GST-এর B ইউনিট = ২০ GST-এর C ইউনিট = ০৩ মোট = ৩০

\*\*GCE শিক্ষার্থীদের ক্ষেত্রে সাক্ষাতকারের সময় মূল কাগজপত্র যাচাইপূর্বক আবেদন নিশ্চিত করা হবে। উপরোক্ত শর্ত পূরণ না করলে আবেদন বাতিল করা হবে।

## বিশেষ কোটাসমূহঃ

- (ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার জন্য মোট ৬ টি (প্রতিটি বিভাগে একজন করে) আসন
- (খ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি কোটার জন্য ৫% আসন। পুত্র-কন্যা অগ্রাধিকার পাবে।
- (গ) শারীরিক প্রতিবন্ধী কোটার জন্য মোট ৬ টি (প্রতিটি বিভাগে একজন করে) আসন নির্ধারিত।

আবেদনের সময় প্রদত্ত বিভাগ পছন্দক্রম এবং GST ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে। GST ভর্তি পরীক্ষায় একাধিক শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর সমান হলে এইচএসসি/সমমান ও এসএসসি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তির জন্য মেধাক্রম প্রস্তুত করা হবে।

## ভর্তি প্রক্রিয়া সঠিকভাবে সম্পন্ন করার জন্য নিম্নে উল্লেখিত বিষয়সমূহ গুরুত্বপূর্ণঃ

- ১। শুধুমাত্র GST-ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরাই এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ২। প্রত্যেক আবেদনকারীকে সংশ্লিষ্ট বিভাগসমূহের পছন্দক্রম সঠিকভাবে প্রদানসহ আবেদন করতে হবে।
- ৩। নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফি (সার্ভিস চার্জসহ ৬৫০ টাকা) পরিশোধ না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৪। আবেদনের পর ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত সময়সূচী অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রসহ সাক্ষাতকারে উপস্থিত হতে হবে।
- ৫। সাক্ষাতকারের পর ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ, প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান এবং মূল কাগজপত্র জমা দেওয়ার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ প্রয়োজনে কর্তৃপক্ষ শর্তাবলী সংশোধন করতে পারবে।

স্বাঃ/-

খন্দকার হামিদুর রহমান

রেজিস্ট্রার

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়